

মাননীয়

পৌরপিতা

জিয়াগঞ্জ-আজিমগঞ্জ পৌরসভা

সাং ও পোঃ- আজিমগঞ্জ,

থানা- জিয়াগঞ্জ, জেলা- মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, ভারত।

মহাশয় :

আমাদের বিনীত নিবেদন এই যে - আমরা মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জ থানার অন্তর্গত জিয়াগঞ্জ-আজিমগঞ্জ পৌরসভার অধীন আজিমগঞ্জ এ.ডি.এস.আর অফিসের দলিল লেখক সমিতি (দলিল লেখক, ল-ক্লার্ক এবং জনসাধারণগণ) আবেদন করিতেছি যে অত্র রেজিষ্ট্রী অফিসে জনসাধারণের কোন শৌচাগার না থাকায় ভীষন অসুবিধা হইতেছে, বিশেষ করে মহিলাদের অত্যন্ত অসুবিধা হইতেছে।

অতএব মহাশয়ের নিকট আবেদন করিতেছি যে- অত্র রেজিষ্ট্রী অফিসের নিকটস্থ দলিল লেখক সমিতির নিজস্ব জায়গায় একটি শৌচাগার নির্মাণ করিয়া তাহার সুব্যবস্থা করিয়া দিয়া বাধিত করিবেন।

অত্র আবেদনপত্রসহ আজিমগঞ্জ দলিল লেখক সমিতির সম্পত্তির হাতনক্সা ও দলিলের জেরক্স কপি গ্রথিত করা হইল।

তারিখঃ-

০২/০১/২০২৫



ইতি নিবেদক

সম্পাদক

আজিমগঞ্জ লাইসেন্স প্রাপ্ত

দলিল লেখক সমিতি

সভাপতি